**একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০২.২২.১২৯ | তারিখ : ০৮ বৈশাখ ১৪৩১ / ২১ এপ্রিল ২০২৫

**বিষয়: ২০২৪-২৫ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাত হতে খরিপ-১ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজ প্রণোদনা কর্মসূচির জি.ও জারি।**

সূত্র: কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০২.২২.১২৭ তারিখ-২০/০৪/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, অর্থ বিভাগের অনুমোদনক্রমে ২০২৪-২৫ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাত হতে খরিপ-১ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ ফসলের ব্যবহারের মাধ্যমে আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক (প্রয়োজনে মাঝারী) কৃষকের মাঝে বীজ, সার ও কীটনাশক বিতরণ প্রণোদনা কর্মসূচি বাবদ ছাড়কৃত ১৭০০.০০ লক্ষ (সতেরো কোটি) টাকা ০২ নং অনুচ্ছেদে জেলাওয়ারী প্রণোদনা কর্মসূচির বিবরণ, ০৩ নং অনুচ্ছেদে উল্লিখিত বাস্তবায়ন পদ্ধতি, শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

০২। এ প্রণোদনা কর্মসূচির জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন (এক নজরে প্রণোদনা কর্মসূচি)

| ক্রমিক নং | জেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন) | উপকরণের পরিমাণ (মেঃ টন) | | | | | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | | | | | মোট বরাদ্দ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বীজ | ডিএপি | এমওপি | উপমোট সার | বালাই নাশক | '৩২৫১১০৯-বীজ ও চারা' | '৩২৫১১০৫-সার' | | | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | | |
| | | | | | | | | | ডিএপি | এমওপি | উপমোট সার | বালাইনাশক বাবদ ব্যয় | পরিবহণ ব্যয় টাকা | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য ব্যয় | |
| ১ | রাজশাহী | ১০০০০ | ১০.০০ | ২০০.০০ | ২০০.০০ | ৪০০.০০ | ১০.০০ | ২২০.০০ | ৩৮.০০০ | ৩৬.০০০ | ৭৪.০০০ | ৩৫.৫০০ | ৬.৩০০ | ৪.২০০ | ৪৬.০০০ | ৩৪০.০০ |
| ২ | নওগাঁ | ২০০০ | ২.০০ | ৪০.০০ | ৪০.০০ | ৮০.০০ | ২.০০ | ৪৪.০০০ | ৭.৬০০ | ৭.২০০ | ১৪.৮০০ | ৭.১০০ | ১.২৬০ | ০.৮৪০ | ৯.২০০ | ৬৮.০০ |
| ৩ | নাটোর | ৬০০ | ০.৬০ | ১২.০০ | ১২.০০ | ২৪.০০ | ০.৬০ | ১৩.২০০ | ২.২৮০ | ২.১৬০ | ৪.৪৪০ | ২.১৩০ | ০.৩৭৮ | ০.২৫২ | ২.৭৬০ | ২০.৪০ |
| ৪ | চাঁপাইনবাবগঞ্জ | ২৪০০ | ২.৪০ | ৪৮.০০ | ৪৮.০০ | ৯৬.০০ | ২.৪০ | ৫২.৮০০ | ৯.১২০ | ৮.৬৪০ | ১৭.৭৬০ | ৮.৫২০ | ১.৫১২ | ১.০০৮ | ১১.০৪০ | ৮১.৬০ |
| ৫ | বগুড়া | ৫০০ | ০.৫০ | ১০.০০ | ১০.০০ | ২০.০০ | ০.৫০ | ১১.০০০ | ১.৯০০ | ১.৮০০ | ৩.৭০০ | ১.৭৭৫ | ০.৩১৫ | ০.২১০ | ২.৩০০ | ১৭.০০ |
| ৬ | পাবনা | ১০০০ | ১.০০ | ২০.০০ | ২০.০০ | ৪০.০০ | ১.০০ | ২২.০০০ | ৩.৮০০ | ৩.৬০০ | ৭.৪০০ | ৩.৫৫০ | ০.৬৩০ | ০.৪২০ | ৪.৬০০ | ৩৪.০০ |
| ৭ | রংপুর | ২৫০০ | ২.৫০ | ৫০.০০ | ৫০.০০ | ১০০.০০ | ২.৫০ | ৫৫.০০০ | ৯.৫০০ | ৯.০০০ | ১৮.৫০০ | ৮.৮৭৫ | ১.৫৭৫ | ১.০৫০ | ১১.৫০০ | ৮৫.০০ |
| ৮ | গাইবান্ধা | ১০০০ | ১.০০ | ২০.০০ | ২০.০০ | ৪০.০০ | ১.০০ | ২২.০০০ | ৩.৮০০ | ৩.৬০০ | ৭.৪০০ | ৩.৫৫০ | ০.৬৩০ | ০.৪২০ | ৪.৬০০ | ৩৪.০০ |
| ৯ | কুড়িগ্রাম | ১৫০০ | ১.৫০ | ৩০.০০ | ৩০.০০ | ৬০.০০ | ১.৫০ | ৩৩.০০০ | ৫.৭০০ | ৫.৪০০ | ১১.১০০ | ৫.৩২৫ | ০.৯৪৫ | ০.৬৩০ | ৬.৯০০ | ৫১.০০ |
| ১০ | লালমনিরহাট | ১০০০ | ১.০০ | ২০.০০ | ২০.০০ | ৪০.০০ | ১.০০ | ২২.০০০ | ৩.৮০০ | ৩.৬০০ | ৭.৪০০ | ৩.৫৫০ | ০.৬৩০ | ০.৪২০ | ৪.৬০০ | ৩৪.০০ |
| ১১ | নীলফামারী | ১০০০ | ১.০০ | ২০.০০ | ২০.০০ | ৪০.০০ | ১.০০ | ২২.০০০ | ৩.৮০০ | ৩.৬০০ | ৭.৪০০ | ৩.৫৫০ | ০.৬৩০ | ০.৪২০ | ৪.৬০০ | ৩৪.০০ |
| ১২ | যশোর | ২০০০ | ২.০০ | ৪০.০০ | ৪০.০০ | ৮০.০০ | ২.০০ | ৪৪.০০০ | ৭.৬০০ | ৭.২০০ | ১৪.৮০০ | ৭.১০০ | ১.২৬০ | ০.৮৪০ | ৯.২০০ | ৬৮.০০ |
| ১৩ | ঝিনাইদহ | ৪০০০ | ৪.০০ | ৮০.০০ | ৮০.০০ | ১৬০.০০ | ৪.০০ | ৮৮.০০০ | ১৫.২০০ | ১৪.৪০০ | ২৯.৬০০ | ১৪.২০০ | ২.৫২০ | ১.৬৮০ | ১৮.৪০০ | ১৩৬.০০ |
| ১৪ | মাগুড়া | ৪০০০ | ৪.০০ | ৮০.০০ | ৮০.০০ | ১৬০.০০ | ৪.০০ | ৮৮.০০০ | ১৫.২০০ | ১৪.৪০০ | ২৯.৬০০ | ১৪.২০০ | ২.৫২০ | ১.৬৮০ | ১৮.৪০০ | ১৩৬.০০ |
| ১৫ | কুষ্টিয়া | ৪০০০ | ৪.০০ | ৮০.০০ | ৮০.০০ | ১৬০.০০ | ৪.০০ | ৮৮.০০০ | ১৫.২০০ | ১৪.৪০০ | ২৯.৬০০ | ১৪.২০০ | ২.৫২০ | ১.৬৮০ | ১৮.৪০০ | ১৩৬.০০ |
| ১৬ | চুয়াডাঙ্গা | ১০০০ | ১.০০ | ২০.০০ | ২০.০০ | ৪০.০০ | ১.০০ | ২২.০০০ | ৩.৮০০ | ৩.৬০০ | ৭.৪০০ | ৩.৫৫০ | ০.৬৩০ | ০.৪২০ | ৪.৬০০ | ৩৪.০০ |
| ১৭ | মেহেরপুর | ১০০০০ | ১০.০০ | ২০০.০০ | ২০০.০০ | ৪০০.০০ | ১০.০০ | ২২০.০০০ | ৩৮.০০০ | ৩৬.০০০ | ৭৪.০০০ | ৩৫.৫০০ | ৬.৩০০ | ৪.২০০ | ৪৬.০০০ | ৩৪০.০০ |
| ১৮ | দিনাজপুর | ৫০০ | ০.৫০ | ১০.০০ | ১০.০০ | ২০.০০ | ০.৫০ | ১১.০০০ | ১.৯০০ | ১.৮০০ | ৩.৭০০ | ১.৭৭৫ | ০.৩১৫ | ০.২১০ | ২.৩০০ | ১৭.০০ |
| ১৯ | ঠাকুরগাও | ৫০০ | ০.৫০ | ১০.০০ | ১০.০০ | ২০.০০ | ০.৫০ | ১১.০০০ | ১.৯০০ | ১.৮০০ | ৩.৭০০ | ১.৭৭৫ | ০.৩১৫ | ০.২১০ | ২.৩০০ | ১৭.০০ |
| ২০ | পঞ্চগড় | ৫০০ | ০.৫০ | ১০.০০ | ১০.০০ | ২০.০০ | ০.৫০ | ১১.০০০ | ১.৯০০ | ১.৮০০ | ৩.৭০০ | ১.৭৭৫ | ০.৩১৫ | ০.২১০ | ২.৩০০ | ১৭.০০ |
| মোট | | **৫০০০০** | **৫০.০০** | ১০০০.০ | ১০০০.০০ | **২০০০.০০** | **৫০.০০** | **১১০০.০০** | ১৯০.০০ | ১৮০.০০ | **৩৭০.০০** | ১৭৭.৫০০ | ৩১.৫০০ | ২১.০০০ | **২৩০.০০** | **১৭০০.০** |

* কৃষক প্রতি ১ বিঘা জমির জন্য গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজের পরিমাণ ১ কেজি বীজ (১*২২০০=২২০০ টাকা), ২০ কেজি ডিএপি (২০*১৯= ৩৮০) টাকা, ২০ কেজি এমওপি (২০*১৮=৩৬০) এবং ১ কেজি বালাইনাশক (১*৩৫৫=৩৫৫) টাকা পাবেন

* জেলা সদর হতে উপজেলার দূরত্ব ও বাস্তবতার নিরিখে পরিবহন ব্যয় জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবে।

D:\প্রণোদনা ও পুনর্বাসন\pronodona-punorbason ২০২৪-২৫\গ্রীষ্মকালীন পেঁয়াজ ২য় পর্যায়\go summar onion pronodona ২০.০৪.docx

০৪। কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০০৮ অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

২. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি লক্ষ্যমাত্রা অনুযায়ী উপজেলাওয়ারী কৃষক সংখ্যা বিভাজন করবেন। উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করবেন এবং সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র, প্রান্তিক ও মাঝারি কৃষক নির্বাচন করে অগ্রাধিকারভিত্তিতে খসড়া তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির তত্ত্বাবধানে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন ও উপকরণ বিতরণসহ অন্যান্য কার্যক্রম বরাদ্দকৃত অর্থ হতে এ আদেশে বর্ণিত পদ্ধতি ও শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন। উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) প্রেরণ করবেন। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সমন্বিত প্রতিবেদন সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd/ moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৩. কর্মসূচি প্রাপ্তির পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি দ্রুততম সময়ে তালিকাভুক্ত কৃষকের মাঝে উপকরণ বিতরণ কার্যক্রম শুরু করবেন। কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

৪. প্রতি ব্লকে গ্রীষ্মকালীন পেঁয়াজ চাষের উপযোগী জমি ও উপযুক্ত আগ্রহী কমপক্ষে ১০ জন কৃষক নির্বাচন করা, যাদের পাশাপাশি আবাদি জমি থাকবে এবং যারা দলবদ্ধভাবে কাজ করবে;

৫. অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক পরিবারকে গ্রীষ্মকালীন পেঁয়াজ চাষে ১ বিঘা জমির জন্য প্রণোদনা সহায়তা প্রদান করা যাবে;

৬. পেঁয়াজ বীজের গুণগতমান নিশ্চিতকরণের লক্ষ্যে, বীজ প্রাপ্তির উৎস সম্পর্কিত তথ্যাদি, যেমন:- উৎপাদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের বৈধ লাইসেন্স গ্রহণ; যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মনিটরিং ও ফাইটো স্যানিটারি (পিসি) সার্টিফিকেট গ্রহণ; উৎপাদন, সংরক্ষণ ও বিপণনের তথ্যাদি এবং বীজ আমদানির ক্ষেত্রে আমদানিকারক কর্তৃক বীজ আমদানির বৈধ লাইসেন্স, অভিজ্ঞতার সনদ, পণ্যের বিবরণসহ এলসির (LC) কপি ও আমদানি সংক্রান্ত শর্তাবলি পরিপালনসহ প্রয়োজনীয় তথ্যাদি সংরক্ষণ নিশ্চিত করতে হবে;

৭. এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজের অঙ্কুরোদগম ক্ষমতা (সর্বনিম্ন ৮৫%), বিশুদ্ধতা ও উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাঙ্ক্ষিত মানের হতে হবে। কাঙ্ক্ষিত মানের না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৮. কোনো ভাবেই পুরাতন অর্থাৎ গত বছরের বীজ কৃষকদের মাঝে বিতরণ করা যাবে না। এই বিষয়টি জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি নিশ্চিত করবেন;

৯. স্থানীয় উপযোগিতার ভিত্তিতে অধিক ফলনশীল এন-৫৩ জাত অথবা সমমান জাতের বীজ বিএডিসি/স্থানীয় কৃষক বীজ উদ্যোক্তা/যেকোন প্রতিষ্ঠিত বীজ ব্যবসায়ী হতে জেলা/ উপজেলা পুনর্বাসন কমিটির সিদ্ধান্ত মোতাবেক নির্ধারিত মূল্যে সংগ্রহ করতে হবে;

১০. খরিফ/২০২৪-২৫ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ চাষে সহযোগিতার জন্য প্রান্তিক ও ক্ষুদ্র, গ্রীষ্মকালীন পেঁয়াজ চাষে আগ্রহী এবং আবাদি জমি আছে এমন কৃষকগণই প্রণোদনা সহায়তা পাবেন। অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক গ্রীষ্মকালীন পেঁয়াজ চাষের জন্য ১ কেজি করে গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজ, ২০ কেজি করে ডিএপি সার ও ২০ কেজি করে এমওপি সার সহায়তা পাবেন; পাবেন। এছাড়া ১ বিঘা জমিতে বালাইনাশক বাবদ ৩৫৫.০০ (তিনশত পঞ্চান্ন) টাকা উপজেলা কৃষি অফিসার কর্তৃক প্রত্যেক কৃষকের মাঝে মাস্টাররোলের মাধ্যমে বিতরণপূর্বক তা সংরক্ষণ করতে হবে;

১১. গ্রীষ্মকালীন পেঁয়াজ ফসলের ক্ষেত্রে কৃষক প্রতি মিনি প্যাকেটের ঝামেলা ও ওজনের বিড়ম্বনা এড়াতে সারের বস্তা ভেঙে আলাদা আলাদা কৃষককে না দিয়ে এ কর্মসূচির আওতায় উপকরণ সহায়তা হিসেবে অনুমোদিত তালিকাভুক্ত প্রতি ৫ (পাঁচ) জনের একটি গ্রুপ করে প্রতি গ্রুপে ৫০ কেজি ওজনের ১ (এক) বস্তা ডিএপি ও ৫০ কেজি ওজনের ১ (এক) বস্তা এমওপি সার বিতরণ করতে হবে;

১২. কর্মসূচির সার বিসিআইসি'র কারখানা/বাফার গুদাম/বিক্রয়কেন্দ্র/মিল গেট/বিএডিসি'র জেলাস্থ/নিকটবর্তী গুদাম থেকে বিধি মোতাবেক ক্রয় করতে হবে। সারের মূল্য সরকার নির্ধারিত ভর্তুকি মূল্যে ধরা হয়েছে;

১৩. জেলা হতে উপজেলার দূরত্ব ও বাস্তবতার নিরিখে পরিবহন ব্যয় জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবেন;

১৪. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনা জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ০১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন এবং এর ০১ (এক) কপি ২০ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করবেন। এছাড়া, উপকারভোগী কৃষকের তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১৫. এ কর্মসূচির আওতায় ফসল কর্তন শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন ই-মেইলযোগে admonitoring@dae.gov.bd/ ddimplement@dae.gov.bd এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন;

১৬. প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার পরে যথাসম্ভব দ্রুততার সাথে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক admonitoring@dae.gov.bd/ddmonitoring@yahoo.com ই-মেইলে প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ২০ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে। **অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে।** কোনোভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না;

১৭. **সার, বীজ ও অন্যান্য ব্যয় বাবদ অর্থ বিতরণের সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে;** এবং

১৮. **এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য প্রণোদনা/ পুনর্বাসন কর্মসূচির সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চিত করবে।**

১৯. প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য নিম্নোক্ত 'কৃষক তথ্য' ছক পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে **(সরকারি ই-মেইলের (E-mail-admonitoring@dae.gov.bd ও ddmonitoring@yahoo.com) মাধ্যমে প্রেরণ করা হলে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)** প্রেরণ করতে হবেঃ

জেলার নাম:
উপজেলার নাম:
ইউনিয়ন/ পৌরসভার নাম :
গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং:

| নং | কৃষকের নাম | পিতা ও মাতার নাম | কৃষকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত বীজ, সার ও কীটনাশক পরিমাণ | ফসল উৎপাদন পর্যন্ত উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | | | বীজের নাম ও জাত-<br>বীজের পরিমাণ-<br>সারের নাম-<br>সারের পরিমাণ-<br>কীটনাশকের নাম-<br>কীটনাশক পরিমাণ | |

২১/০৪/২৫
মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-input2@moa.gov.bd/
moa.input2@gmail.com

জেলা প্রশাসক ও সভাপতি,
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ২০ জেলা)।

তারিখ : ০৮ বৈশাখ ১৪৩১ / ২১ এপ্রিল ২০২৫

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০২.২২.১২৯

**অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**
৬. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিকমিয়া এভিনিউ, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)**।
১০. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. উপপ্রধান (কৃষি অর্থনীতিবিদ), সার ব্যবস্থাপনা ও উপকরণ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট জেলা)।
১৬. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা) **(শর্ত মোতাবেক যথাসময়ে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)**
১৭. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৮. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে ব্যয় সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের অনুরোধসহ)**।
১৯. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
২০. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫/২৫

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব